



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট

আলমপুর, দক্ষিণ সুরমা, সিলেট

www.sylhetboard.gov.bd, e-mail: sbcontroller16@gmail.com



স্মারক নং :- সিশিবো/পনি/উমা/২০২৪/৫০৯

তারিখ : ২৯ জ্যৈষ্ঠ, ১৪৩১ বঙ্গাব্দ

১২ জুন, ২০২৪ খ্রিস্টাব্দ


বিষয় : এইচএসসি পরীক্ষা- ২০২৪ এর চলাকালীন সময়ে শ্রেণি কার্যক্রম চলমান রাখা প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, আগামী ৩০ জুন ২০২৪ এইচএসসি পরীক্ষা শুরু হতে যাচ্ছে। যে সকল কেন্দ্রে স্কুল ও কলেজ একসাথে রয়েছে, সে সকল প্রতিষ্ঠানে ষষ্ঠ থেকে দশম শ্রেণির শ্রেণি কার্যক্রম পরীক্ষার দিনগুলোতে পরীক্ষা শেষে এবং যেদিন পরীক্ষা নেই, সেদিন চলমান রাখার জন্য অনুরোধ করা হলো। শ্রেণি কার্যক্রম চলমান রাখতে গিয়ে পাবলিক পরীক্ষায় যাতে বিঘ্ন সৃষ্টি না হয়, সে বিষয়ে সতর্ক থাকার জন্য নির্দেশনা দেওয়া হলো।

এ বিষয়ে সংশ্লিষ্ট সকলকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

বিষয়টি অতীব জরুরি।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে


২২/০৬/২০২৪

(প্রফেসর অরুণ চন্দ্র পাল)

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
সিলেট।

ভারপ্রাপ্ত কর্মকর্তা/অধ্যক্ষ

এইচএসসি পরীক্ষা ২০২৪ সকল কেন্দ্র।